



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/25/2022

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল ইউক্রেনের জনগণের সাথে একাত্মতা প্রকাশ করে নিউ ইয়র্কের ল্যান্ডমার্ক আলোকিত করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, আজকে রাত, 25 ফেব্রুয়ারি, থেকে 27 ফেব্রুয়ারি, রবিবার পর্যন্ত ইউক্রেনের জনগণের সাথে একাত্মতা প্রকাশ করে নিউ ইয়র্কের ল্যান্ডমার্কসমূহকে নীল ও হলুদ আলোয় আলোকিত করা হবে। নিউ ইয়র্ক বাইডেন প্রশাসনের সাথে যুক্ত আছে এবং এই সঙ্কটের শরণার্থীদের সমর্থন করতে এবং এই [স্টেটে স্বাগত জানাতে প্রস্তুত আছে](#)।

"নিউ ইয়র্ক হলো মার্কিন যুক্তরাষ্ট্রে সর্ববৃহৎ ইউক্রেনিয়ান জনগোষ্ঠীর গর্বিত বাড়ি এবং আমরা ইউক্রেনের মানুষের প্রতি অন্যায় এবং বিবেকবর্জিত সহিংসতার নিন্দা করছি," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কে যারা নিজেদের পরিবার ও প্রিয়জনের জন্য ভীত তাদের সাথে আমরা একাত্মতা প্রকাশ করছি, এবং সহিংসতার শিকার নিরপরাধ মানুষেরা যখন সার্বভৌম জাতি ও দেশ হিসেবে নিজেদের স্বাধীনতা রক্ষায় লড়াই করছে তখন তাদের জন্য আমাদের প্রার্থনা রইলো।"

ইউক্রেনের মানুষের সাথে একাত্মতা প্রকাশ করে যেসকল ল্যান্ডমার্ক আলোকিত হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- ফেয়ারপোর্ট লিফট ব্রিজ

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418